অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 8/14/2024 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল নিউ ইয়র্ক স্টেট সুপ্রিম কোর্টের আপিল বিভাগের সেকেন্ড জুডিশিয়াল ডিপার্টমেন্টের নিয়োগপ্রাপ্তদের নাম ঘোষণা করলেন

গভর্নর ক্যাথি হোকল আজকে নিউ ইয়র্ক স্টেট সুপ্রিম কোর্টের (New York State Supreme Court) আপিল বিভাগের সেকেন্ড জুডিশিয়াল ডিপার্টমেন্টে (Appellate Division Second Judicial Department) নিয়োগপ্রাপ্ত তিনজনের নাম ঘোষণা করেছেন। এই ক্লাসটি অত্যন্ত দক্ষ নিয়োগপ্রাপ্তদের নিয়ে গঠিত হয়েছে যারা বৈচিত্র্যময় ব্যক্তিগত ও পেশাদার ব্যাকগ্রাউন্ড থেকে এসেছেন, নিউ ইয়র্ক স্টেটের জুডিশিয়ারি যাতে নিউ ইয়র্কের বসবাসরত ব্যাপক ব্যাপ্তির ভিন্ন ভিন্ন ধরনের মানুষের প্রতিফলন করে তা নিশ্চিত করতে গভর্নর হোকলের প্রতিশ্রুতিকে এটি তুলে ধরে।

"আমাদের আদালতের নেতৃত্বে অবশ্যই যোগ্য, ন্যায্য এবং নিরপেক্ষ জুরিস্টদের থাকতে হবে," **গভর্নর হোকল বলেন।** "বহু দশকের আইনি অভিজ্ঞতা ও আইন সম্পর্কে অগাধ জ্ঞানসম্পন্ন এই তিনজন বিচারক আপিল বিভাগের জন্য দুর্দান্ত সংযোজন হবেন।"

নিয়োগপ্রাপ্তরা হলেন:

মাননীয় ডোনা ম্যারি গোলিয়া
মাননীয় ডোনা-ম্যারি ই গোলিয়াকে কুইন্স কাউন্টির স্টেট সুপ্রিম কোর্টের অপরাধ বিষয়ক প্রশাসনিক বিচারক হিসেবে নিয়োগ প্রদান করা হয়েছে। কুইন্স কাউন্টিতে নিউ ইয়র্ক সিটি দেওয়ানি আদালতে (New York City Civil Court) নির্বাচিত হওয়ার পর বিচারক গোলিয়া 2013 সালে নিউ ইয়র্ক বেঞ্চে যোগদান করেন। প্রথমে তাকে কুইন্স কাউন্টির নিউ ইয়র্ক সিটি ফৌজদারি আদালতে (New York City Criminal Court) নিয়োগদান করা হয়, পরবর্তীতে তিনি কুইন্স কাউন্টির দেওয়ানি আদালতের বেঞ্চে যোগদান করেন। 2016 সালে তিনি ভারপ্রাপ্ত সুপ্রিম কোর্ট বিচারক হিসেবে পদ পান, একটি সিভিল ক্যালেন্ডার ব্যবস্থাপনার পাশাপাশি বিবাহ সম্পর্কিত এবং অন্যান্য বিষয়ে কাজ করেন।

2018 থেকে 2019 পর্যন্ত তিনি কুইন্স কাউন্টির নিউ ইয়র্ক সিটি দেওয়ানি আদালতের সুপারভাইজিং বিচারক হিসেবে দায়িত্ব পালন করেন, সেখানে তিনি আদালতের দৈনন্দিন ব্যবস্থাপনা তত্ত্বাবধান করা প্রশাসনিক বিচারক হিসেবে কাজ করেন। বিচারক গোলিয়াকে 2020 সালে কুইন্স কাউন্টির স্টেট সুপ্রিম কোর্টের জন্য নির্বাচিত করা হয়, যেখানে তিনি আদালতের দেওয়ানি ও ফৌজদারি উভয় টার্মে কাজ করেছেন। 2021 তাকে আপিল টার্মের সেকেন্ড ডিপার্টমেন্টের দ্বিতীয়, এগারোতম এবং তেরোতম জুডিশিয়াল জেলার সহযোগী বিচারক হিসেবে

নিয়োগদান করা হয়, সেখানে তিনি কিংস, কুইন্স এবং রিচমন্ড কাউন্টির নিম্নতর দেওয়ানি ও ফৌজদারি আদালতের আপিলের শুনানি করেছেন, এবং পাশাপাশি কুইন্স কাউন্টির স্টেট সুপ্রিম কোর্টের বিভিন্ন বিষয়ে সভাপতিত্ব করেছেন।

বিচারক হওয়ার পূর্বে বিচারক গোলিয়া আদালতের অ্যাটর্নি রেফারি হিসেবে দায়িত্ব পালন করেছেন এবং এর পূর্বে তিনি কুইন্স কাউন্টির সারোগেট আদালতের (Surrogate’s Court) একজন প্রিন্সিপ্যাল আইন ক্লার্ক হিসেবে কাজ করেছেন। এর পূর্বে তিনি কুইন্স কাউন্টির ডিস্ট্রিক্ট অ্যাটর্নির অফিসের একজন সহকারী ডিস্ট্রিক্ট অ্যাটর্নি হিসেবে কাজ করেছেন, সেখানে তার 11 বছরের মেয়াদে তিনি বিভিন্ন ব্যুরোতে দায়িত্ব পালন করেছেন, যেমন অফিসের হোমিসিড তদন্ত, নার্কোটিক্স ট্রায়াল, আপিল এবং বিশেষ ভিকটিম ব্যুরো। বিচারক গোলিয়া নিউ ইয়র্ক সিটি ইউনিভার্সিটির (City University of New York, CUNY) কুইন্স কলেজের ল স্কুলের (Law School at Queens College) একজন গ্র্যাজুয়েট। তারা পেশাদারি সংশ্লিষ্টতা হলো, তিনি কুইন্স কাউন্টি উইমেন্স বার অ্যাসোসিয়েশনের (Queens County Women’s Bar Association) এবং কলম্বিয়ান লয়ার্স অ্যাসোসিয়েশনের (Columbian Lawyers Association) একজন সদস্য, জাজেস অ্যান্ড লয়ার্স ব্রেস্ট ক্যান্সার অ্যালার্টের (Judges and Lawyers Breast Cancer Alert, JALBCA) উপদেষ্টা বোর্ডের একজন সদস্য এবং সদস্যপদ কমিটির সহপ্রধান। তিনি বিকল্প দ্বন্দ্ব নিরসন (ADR) এবং অন্যান্য বিষয়ে জুডিশিয়াল এবং অন্যান্য প্রশিক্ষণ কর্মসূচি তৈরি ও উপস্থাপন করেছেন।

মাননীয় ফিলিপ হোম
বিচারক ফিলিপ হোম 2017 সালে কুইন্স দেওয়ানি আদালতের জন্য নির্বাচিত হন এবং 2019 সালে নিউ ইয়র্ক স্টেট সুপ্রিম কোর্টের জন্য নির্বাচিত হন। তিনি একজন স্থানীয় নিউ ইয়র্কবাসী এবং নিউ ইয়র্কের সরকারি স্কুলের একজন গর্বিত ফলাফল, তিনি ব্রঙ্কস সাইন্স হাই স্কুল (Bronx High School of Science) থেকে এবং নিউ ইয়র্ক স্টেট ইউনিভার্সিটির (State University of New York, SUNY) বিংহ্যামটন থেকে রাষ্ট্রবিজ্ঞানে ব্যাচেলর্স অফ আর্টস নিয়ে গ্র্যাজুয়েট করেছেন। বিচারক হোম মিনেসোটা ইউনিভার্সিটির (University of Minnesota) ল স্কুল থেকে একটি JD, কুম লাউডে অর্জন করেন। আইন স্কুলে থাকা অবস্থায় তিনি হেনেপিন কাউন্টি পাবলিক ডিফেন্ডার্স অফিসে একজন আইন ক্লার্ক হিসেবে কাজ করেন।

বিচারক হম আইন স্কুলের পর নিউ ইয়র্কে ফেরত আসেন এবং বেসরকারি প্র্যাকটিসে এবং সরকারের তিন শাখার প্রতিটিতে সরকারি খাতে কাজ করেন। তিনি বাণিজ্যিক লিটিগেশনে বিশেষজ্ঞ একটি নিউ ইয়র্ক আইন ফার্মে তার আইনি ক্যারিয়ার শুরু করেন। 1997 সালে তিনি নিউ ইয়র্ক সিটি সামাজিক সেবা বিভাগের (New York City Department of Social Services) জন্য একজন এজেন্সি অ্যাটর্নি হিসেবে তার সরকারি চাকরি শুরু করেন, যেখানে তিনি সরকারি সহায়তা এবং মেডিকেইড পুনরুদ্ধারের দেওয়ানি দাবির প্রসিকিউট করেন।

2002 সালে বিচারক হোম নিউ ইয়র্ক সিটি পরিষদের (New York City Council) নির্বাচিত প্রথম এশিয়ান আমেরিকানের জন্য চিফ অফ স্টাফ হিসেবে কাজ করেন, যেখানে তিনি পরিষদের সদস্যের কর্মীর তত্ত্বাবধান করতেন এবং অফিসের বাজেট ব্যবস্থাপনা করতেন। এছাড়াও তিনি অন্যান্য নির্বাচিত কর্মকর্তার অফিসের সাথে লিয়াজোঁ ছিলেন এবং আইনি বিষয়ে পরিষদের সদস্য ও কর্মীকে পরামর্শ প্রদান করতেন। 2003 সালে তিনি নিউ ইয়র্ক সিটি পরিষদের পরিবহন কমিটির (Transportation Committee) কাউন্সেল হন যেখানে তিনি পরিবহন,

গণপরিবহন এবং ভাড়ার জন্য যানবাহন সম্পর্কিত স্থানীয় আইন ও নীতিমালার প্রতিবেদন লিখতেন। এছাড়াও তিনি নিউ ইয়র্ক সিটি পরিবহন বিভাগ (New York City Department of Transportation) এবং ট্যাক্সি ও লিমোজিন কমিশনের (Taxi and Limousine Commission) তত্ত্বাবধান শুনানি সম্পাদনে সাহায্য করতেন। 2010 সালে তিনি পরিষদের বিধানিক ইউনিটের সহকারী পরিচালক হিসেবে পদোন্নতি পান, যেখানে তিনি বিধিমালা, নীতিমালার প্রতিবেদন প্রস্তুত করা কর্মীদের তত্ত্বাবধান করেন এবং তত্ত্বাবধান শুনানি সম্পাদন করতেন। সিটি পরিষদের পর বিচারক হোম নিউ ইয়র্ক সিটি কম্পট্রলারের অফিসে ডেপুটি জেনারেল কাউন্সেল হিসেবে কাজ করতেন।

বিচারক হওয়ার পূর্বে, বিচারক হোম বেসরকারি প্র্যাকটিসে ফেরত যান, তিনি পরিবহন, প্রযুক্তি, ব্যাংকিং, মিউনিসিপ্যাল ও অন্যান্য মক্কেলদের নিয়ম সংক্রান্ত, বিধানিক, চাকরি এবং অন্যান্য বিষয়ে পরামর্শ প্রদান করা একটি আইন ফার্মে কাজ করতেন। এছাড়াও ফার্মে তিনি নিউ ইয়র্ক স্টেট শ্রম বিভাগ (New York State Department of Labor), নিউ ইয়র্ক স্টেট পরিবহন বিভাগ, নিউ ইয়র্ক সিটি প্রশাসনিক ট্রায়াল ও শুনানি অফিস (New York City Office of Administrative Trials and Hearings) এবং নিউ ইয়র্ক সিটি ট্যাক্সি ও লিমোজিন কমিশনের প্রশাসনিক ট্রাইব্যুনালের সামনে অ্যাডজাঙ্কশনে মক্কেলদের প্রতিনিধিত্ব করতেন।

মাননীয় জেমস ম্যাককোরম্যাক
বিচারক ম্যাককোরম্যাক সেকেন্ড ডিপার্টমেন্টের নবম ও দশমের জন্য আপিল টার্মের সহযোগী বিচারক হিসেবে দায়িত্ব পালন করছেন। 15 নভেম্বর, 2015 তারিখে তিনি সাধারণ নির্বাচনে নির্বাচিত হন।

বিচারক ম্যাককোরম্যাক 1982 সালে নিউ ইয়র্ক ইউনিভার্সিটি (New York University) থেকে তার ব্যাচেলর্স ডিগ্রি অর্জন করেছেন এবং 1985 সালে ব্রুকলিন ল স্কুল (Brooklyn Law School) থেকে তার জুরিস ডক্টর (Juris Doctor, J.D.) ডিগ্রি অর্জন করেন। আইন স্কুলের পর ম্যাককোরম্যাক 1998 সাল পর্যন্ত নাসাউ কাউন্টির একজন সহকারী ডিস্ট্রিক্ট অ্যাটর্নি হিসেবে কাজ করেন। 1990 থেকে 2005 পর্যন্ত তিনি ম্যাককোরম্যাক অ্যান্ড ম্যাককোরম্যাকে একজন বেসরকারি প্র্যাকটিস অ্যাটর্নি হিসেবে কাজ করেছেন। 2006 সালে তিনি নাসাউ কাউন্টি কোর্টে নির্বাচিত হন। 2007 থেকে 2015 পর্যন্ত তিনি সুপ্রিম কোর্টের 10ম জুডিশিয়াল জেলার ভারপ্রাপ্ত বিচারক ছিলেন।

নিউ ইয়র্ক স্টেট সংবিধান ও জুডিশিয়ারি আইন (New York State Constitution and Judiciary Law) অনুযায়ী, সুপ্রিম কোর্টের বিচারক হিসেবে নির্বাচিত ব্যক্তিদের মধ্যে থেকে প্রত্যেক আপিল বিভাগের জন্য বিচারক নিয়োগ প্রদানের কর্তৃত্ব গভর্নরের রয়েছে। এই নিয়োগসমূহের জন্য সিনেট নিশ্চিতকরণ প্রয়োজনীয় নয়।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন